

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
“উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প”  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”


স্মারক নং-৩২.০১.০০০০.০৪৭.১৬.০১৬.১৭-১৩০

তারিখ: ১৯/০৯/২০১৯ খ্রিঃ।

**বিষয়: আইজিএ প্রকল্পের আওতায় বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ে online-এ প্রশিক্ষণার্থী নির্বাচন  
ও ভর্তি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ” প্রকল্পের আওতায় ৮ টি বিভাগ ও ৬৪ টি জেলা শহরে ৫ম ব্যাচ এবং ৪২৬ টি উপজেলায় ৭ম ব্যাচের ভর্তিচ্ছুক প্রশিক্ষণার্থীদেরকে online-এ আবেদনের মাধ্যমে আবেদনপত্র গ্রহণ করতে হবে। ইতোমধ্যে যেসকল বিভাগ/জেলা ও উপজেলায় সরাসরি আবেদন গ্রহণ করা হয়েছে বা প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়েছে সেসকল বিভাগ/জেলা ও উপজেলায় ভর্তিচ্ছুক প্রশিক্ষণার্থীদেরকে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে পুনরায় online-এ আবেদনপত্র পূরণ পূর্বক সংশ্লিষ্ট জেলা বা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে online আবেদনপত্রের ০২ (দুই) টি প্রিন্ট কপি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, পরবর্তীতে বিভাগ/জেলা ও উপজেলা প্রশিক্ষণার্থী নির্বাচন/বাছাই কমিটি কর্তৃক চূড়ান্তভাবে প্রশিক্ষণার্থী নির্বাচনের পর নির্বাচিত প্রশিক্ষণার্থীদের জমাকৃত আবেদনপত্রের ০১ (এক) কপি জরুরী ভিত্তিতে প্রকল্প কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হলো এবং ০১ (এক) কপি জেলা বা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে সংরক্ষণ করা জন্য অনুরোধ করা হলো।

  
(শফিকুজ্জামান)

যুগ্মসচিব

ও

প্রকল্প পরিচালক

মোবাইলঃ ০১৫৫০-০২০৩০৩

১। উপ-পরিচালক/জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা)

২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে জ্যৈষ্ঠতার ভিত্তিতে নহে):**

১। প্রোগ্রাম অফিসার, ওয়েবসাইট, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। অফিস কপি।